মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

স্মারক নং : ঢাবো/পনি/৮৮৬ তারিখ: ২৪/১১/২০২৬ খ্রি.

এইচএসসি (সাপ্লিমেন্টারি) পরীক্ষা ২০২৬-এর ফর্ম পূরণের সময় বর্ধিতকরণের বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে, ২০২৬ সালের এইচএসসি (সাপ্লিমেন্টারি) পরীক্ষার ফর্ম পূরণ আগামী ২৫/১১/২০২৬ খ্রি. থেকে ২৬/১১/২০২৬ খ্রি. পর্যন্ত বর্ধিত করা হলো এবং "সোনালী সেবার" মাধ্যমে ফি পরিশোধের সর্বশেষ তারিখ ২৬/১১/২০২৬ খ্রি. নির্ধারণ করা হলো।

২। উল্লেখ্য, ২৩/১১/২০২৬ খ্রি. উত্তরপত্র পুন:নিরীক্ষণসহ পুনর্মূল্যায়নের ফলাফল প্রকাশের পর যে সকল পরীক্ষার্থী এখনও এক বা দুই বিষয়ে অকৃতকার্য রয়েছে সেকল পরীক্ষার্থী এবং পূর্বে ফর্ম পুরণ করতে পারেনি এমন পরীক্ষার্থী (যারা এক বা দুই বিষয়ে অকৃতকার্য) উপরোক্ত সময়ের মধ্যে ফর্ম পূরণ করতে পারবে।

৩। উল্লিখিত সময়ের মধ্যে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষার্থীদের ফর্ম পূরণের কাজ সম্পন্ন করবেন।

৪। বাংলাদেশ আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটি ও আন্তঃশিক্ষা বোর্ড পরীক্ষা নিয়ন্ত্রক কমিটির সিদ্ধান্ত মোতাবেক এবং চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে এ আদেশ জারি করা হলো।

২৪/১১/২৬

প্রফেসর জেসমিন তাসলিমা বানু
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন- ০২-২২৩৩৬৯৮১৫

২৪/১১/২৬

অধ্যক্ষ/প্রতিষ্ঠান প্রধান
ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন এইচএসসি পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠান।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে:

১। সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
২। কলেজ পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)
৪। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
৫। অফিস কপি।